ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার
******

স-৫০৯

শান্তিরবাজার, ৩ মে, ২০২৫

**পঞ্চদশ অর্থকমিশনের টাইড ফান্ডের বকাফা ব্লকে উন্নয়নমূলক কাজ**

পঞ্চদশ অর্থ কমিশনের টাইড ফান্ডের অর্থে গত অর্থবছরে বকাফা ব্লকে বিভিন্ন পরিকাঠামোগত উন্নয়নমূলক কাজ শুরু করা হয়েছিল। এরমধ্যে ব্লকের লাউগাঙ পঞ্চায়েতের অধীন সোনারটিলা উচ্চ বিদ্যালয়ে একটি নতুন পাকা জলের ট্যাঙ্ক তৈরি হচ্ছে। তাতে ব্যয় হবে ১ লক্ষ ৬৯ হাজার ৮৫৩ টাকা। এছাড়া উক্ত অর্থ কমিশনের আনটাইড ফান্ডের অর্থে গত অর্থবছরে বিভিন্ন সংস্কারমূলক কাজ হাতে নেওয়া হয়েছে। বেতাগা পঞ্চায়েতের অধীন বেতাগা এইচএস স্কুলের রান্নাঘরের মেরামত চলছে। তাতে ব্যয় হবে ১ লক্ষ ৭২ হাজার ৭৬৮ টাকা। বকাফা ব্লক কার্যালয় থেকে এই তথ্য জানানো হয়েছে।

******